দৈনিক সংবাদ

তারিখ 24 APR 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# ঢাকা বোর্ডে ইংরেজী দ্বিতীয় পত্রের 'খ' সেটের প্রশ্ন বাতিল

ময়মনসিংহ, ২৩শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন)।–আগামীকাল শনিবার অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার ইংরেজী দ্বিতীয়পত্রের 'খ' সেটের প্রশ্ন ঢাকা বোর্ড কর্তৃপক্ষ বাতিল ঘোষণা করেছে। উল্লেখ্য যে, গত বৃহস্পতিবার ময়মনসিংহ জেলার ত্রিশাল থানার দরিরামপুর কেন্দ্রে ইংরেজী প্রথমপত্রের পরীক্ষায় ভুলবশত ইংরেজী দ্বিতীয়পত্রের 'খ' সেটের প্রশ্ন খুলে ফেলা হয়। এ ব্যাপারে ময়মনসিংহের অতিরিক্ত জেলা প্রশাসক বিমল কুমার কুন্ডুকে নিয়ে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তবে আগামীকাল অন্য সেটের প্রশ্নপত্রে পরীক্ষা নেয়ার জন্য ঢাকা বোর্ড সকল কেন্দ্রকে নির্দেশ দিয়েছে।